

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-৩ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৫০.০০.০০৩.১৬-১০০

তারিখ : ২৪.০৩.২০১৬খ্রিঃ

বিষয় : জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন নির্বাহী প্রকৌশলী, পিরোজপুর ও বরগুনা জেলা কার্যালয়ের ২০১২-২০১৫ আর্থিক বছরের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত গুরুতর আর্থিক অনিয়ম সংক্রান্ত।


সূত্র : আধা-সরকারী পত্রের নম্বরঃ ডি/পূর্ত অডিট/রি-৭/আধা-সরকারী পত্র/৩৬১(১)/১৩৯১, তারিখঃ ০৮.০৩.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রেরিত আধা-সরকারী পত্রের ছায়ািলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। সূত্রোক্ত ডি,ও পত্রে উল্লেখিত নির্বাহী প্রকৌশলী, ডিপিএইচই, পিরোজপুর, বরগুনা, নাটোর ও ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের নিরীক্ষায় পরিলক্ষিত গুরুতর আর্থিক অনিয়মের বিষয়ে নিষ্পত্তিমূলক অডিট আপত্তির ব্রডশীট জবাব পাওয়া যায়নি। জবাব পাওয়া না গেলে পূর্ত অডিট অধিদপ্তর পরবর্তী পদক্ষেপ হিসেবে “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮ অনুচ্ছেদ অনুযায়ী অডিট আপত্তিগুলো বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেলের অডিট রিপোর্টে অন্তর্ভুক্তির ব্যবস্থা গৃহীত হবে এবং সংবিধানের ১৩২ অনুচ্ছেদ অনুযায়ী অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির মাধ্যমে জাতীয় সংসদে উপস্থাপন করা হবে।

০২। নির্বাহী প্রকৌশলী, ঠাকুরগাঁও ও নাটোর কার্যালয়ের ২০১২-২০১৫ আর্থিক সালে অগ্রিম অডিট আপত্তির জবাব সুপারিশসহ ০৯.০৩.২০১৬ ও ২৪.০৩.২০১৬ তারিখের পত্রের মাধ্যমে পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

০৩। বর্ণিত অবস্থায়, আধা সরকারী পত্রে উল্লেখিত অডিটের মন্তব্য মোতাবেক নির্বাহী প্রকৌশলীর পিরোজপুর ও বরগুনা জেলা কার্যালয়ের ২(দুই) প্রস্থ নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাব আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সেইসাথে যথাসময়ে অডিট আপত্তির জবাব পাওয়া না গেলে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মতে।



(মোঃ মিজানুর রহমান মজুমদার)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩১

mizan11226@gmail.com

প্রধান প্রকৌশলী,
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,
ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে :

০১। যুগ্ম-সচিব(অডিট), স্থানীয় সরকার বিভাগ।

০২। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

০৩। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর/বরগুনা/নাটোর/ঠাকুরগাঁও জেলা।

০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৫। মাস্টার কপি/অফিস কপি।